দৈনিক ইত্তেফাক

তারিখ 25 JUL 1993
পৃষ্ঠা 7 কলাম 5

## লাইব্রেরীর জন্য ভবন চাই

ঢাকাস্থ দেবীগঞ্জ থানা কল্যাণ সমিতি এবং পঞ্চগড়ের দেবীগঞ্জ থানার স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গের মিলিত প্রচেষ্টায় দেবীগঞ্জ থানার স্কুল-কলেজের ছাত্রছাত্রী ও গণমানুষের জ্ঞানার্জনের স্বার্থে থানা সদরে দেবীগঞ্জ থানা কল্যাণ সমিতি লাইব্রেরী প্রতিষ্ঠিত হয় ১৯৯২ সনে। থানা সদর এলাকায় এইটি ভিন্ন অন্য কোন গণপাঠাগার নাই। স্থানীয় প্রশাসন সাময়িকভাবে পুর্বের তহসিল অফিস ভবনের একাংশ লাইব্রেরীর জন্য বরাদ্দ করেন। এই বিল্ডিংটি খুবই পুরাতন। ঐতিহ্যবাহী এই বিল্ডিংটির সংস্কার ও প্রয়োজনীয় মেরামত সম্পন্ন করিয়া সম্পূর্ণ ভবনটি লাইব্রেরীর জন্য বরাদ্দ করা হইলে উহা সমগ্র দেবীগঞ্জ থানাবাসীর সার্বিক চিত্ত-বিনোদন ও পাঠাভ্যাস সৃষ্টিতে উল্লেখযোগ্য অবদান রাখিবে। এ ব্যাপারে দেবীগঞ্জ থানা প্রশাসন, পঞ্চগড় জেলা প্রশাসন এবং সরকারের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

—মোঃ আইনুল হক, সাধারণ সম্পাদক, দেবীগঞ্জ থানা কল্যাণ সমিতি, ঢাকা।